# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 23 April, 2025

বলিউডে আকাশ থেকে কালো মেঘ যেন সরছেই না।বাবা সিদ্দিকীকে হত্যার পরবর্তী সময়ে বিভিন্ন বলিউড অভিনেতাকে একের পর এক হত্যার হুমকি দেওয়া হয়। সালমান খানের পর সম্প্রতি বাবা সিদ্দিকীর ছেলে জিশানকেও প্রাণনাশের হুমকি দেওয়া হয়েছিল। এবার এই তালিকায় নাম যুক্ত হলো জ্যাকি শ্রফের পুত্র টাইগার শ্রফের নাম।

ভারতীয় গণমাধ্যমে প্রকাশিত এক প্রতিবেদনে বলা হয়, মুম্বাই পুলিশের কন্ট্রোল রুমে এক অজ্ঞাত নম্বর থেকে ফোন করা হয়। ফোনে জানানো হয় যে, টাইগার শ্রফকে হত্যার জন্য একদল দুষ্কৃতীকারীকে অস্ত্র সরবরাহ করা হয়েছে।

রিপোর্টে আরও বলা হয়েছে, ফোন কলকারী নিজেকে পাঞ্জাবের বাসিন্দা বলে পরিচয় দেন এবং দাবি করেন যে, প্রায় ২ লাখ টাকার অস্ত্র কিনে টাইগারকে হত্যার পরিকল্পনা করা হয়েছে।

প্রাথমিক তদন্তে পুলিশ জানায়, ফোনটি পাঞ্জাব থেকে আসা ছিল। অভিযুক্তের নাম মনীশ কুমার সুজিন্দর সিং (৩৫)। ওই ব্যক্তি দাবি করেন, তাকে ২ লাখ টাকার অস্ত্র দিয়ে টাইগার শ্রফকে হত্যার নির্দেশ দেওয়া হয়েছিল। ফোন আসার পরই টাইগার শ্রফের নিরাপত্তা ব্যবস্থা বাড়ানো হয়।পরে জানা যায়, ওই ব্যক্তি ভুয়া তথ্য প্রদান করেছিলেন।

এই ঘটনার পর অভিযুক্তের বিরুদ্ধে এফআইআর দায়ের করা হয়।প্রথমে মুম্বাই পুলিশ পাঞ্জাব পুলিশের সঙ্গে যোগাযোগ করে এবং পরে ওই ব্যক্তিকে আটক করা হয় বিভ্রান্তি সৃষ্টি করার

জন্য।

টাইগার শ্রফ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:36

URL: https://www.timestodaybd.com/public/entertainment/1329145604